

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৭৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. দিতীয় অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

আরবী

وَعَنْ أَيُّوبَ

بْنِ مُوسَى عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَا نَحَلَ وَالِدٌ وَلَدَهُ مِنْ نُحْلٍ أَفْضَلَ مِنْ أَدَبٍ حَسَنٍ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» وَلَدَهُ مِنْ نُحْلٍ أَفْضَلَ مِنْ أَدَبٍ حَسَنٍ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا عِنْدِي حَدِيث مُرْسل

বাংলা

৪৯৭৭-[৩১] আইয়ূব ইবনু মূসা (রহিমাহ্লাহ) হতে বর্ণিত। তিনি তাঁর পিতার মাধ্যমে তাঁর পিতামহ থেকে বর্ণনা করেন, রস্লুলাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন পিতা তার সন্তানকে শিষ্টাচারের চেয়ে শ্রেয় কোন বস্তু দান করে না। [তিরমিযী, বায়হাক্কী'র "ভ"আবুল ঈমানে" বর্ণনা করেছেন। ইমাম তিরমিযী (রহিমাহ্লাহ) বলেন, আমার মতে এটা মুরসাল হাদীস।][1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ১৯৫২, সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১১২১, য'ঈফুল জামি'উস সগীর ৫২২৭, আহমাদ ১৬৭১৭, শু'আবুল ঈমান ১৬৭৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৩০৫৬, আল মু'জামুল আওসাত্ব ৩৬৫৮, আল মুসতাদরাক ৭৬৭৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২৩৬৫।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ দু'টি : ১. 'আমির ইবনু সলিহ আল খয্যায (الخزاز) য'ঈফ। ২. মুরসাল- বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য'ঈফাহ্ ১১২১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ مَا نَحَلَ وَالِدٌ وَلَدَهُ مِنْ نُحْلٍ أَفْضَلَ مِنْ أَدَبٍ حَسَنٍ शिंण কर्ज्क সন্তানকে দেয়া সবচেয়ে বড় উপঢৌকন হলো আদব শিক্ষা দেয়া। নিহায়াহ্ গ্রন্থে এসেছে, العطية তথা দান الهبة তথা কোন বিনিময় না চেয়ে



নিঃশর্ত ও নিঃস্বার্থ দান, অকৃত্রিম ভালোবাসা।

(أَفْضَلَ مِنْ أَدُبٍ حَسَنٍ) শিষ্টাচার শিক্ষা দেয়াই উত্তম। আদব শিক্ষা দিতে গিয়ে পিতা তার সন্তানকে ধমক দিতে বা প্রহারও করতে পারে, এগুলোই হচ্ছে আদব শিষ্টাচার শিক্ষা দেয়ার নিয়ম, কেননা শিষ্টাচার বান্দাকে পূর্ণ বান্দা হতে সহায়তা করে। (তুহফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৯৫২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আইয়ূব ইবনু মূসা (রহঃ)

 $\textit{\textbf{9}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 75701$

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন